

গাড়ি পাচ্ছে ৩২  
টেকনিক্যাল স্কুল  
এ্যান্ড কলেজ

স্টাফ রিপোর্টার । গাড়ি পাচ্ছে দেশের ৩২ টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজ । প্রতিটি প্রতিষ্ঠানকে ক্লাস ও প্রশিক্ষণ কাজে ব্যবহারের জন্য একটি করে গাড়ি দেয়া হবে । আগামী ২৮ মার্চ পুরনো গাড়ি হস্তান্তর করা হবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয় ।

বৃহস্পতিবার মন্ত্রণালয়ের উপ-প্রধান তথ্য কর্মকর্তা সুবোধ চন্দ্র ঢালী জানিয়েছেন, কারিগরি শিক্ষা অধিদফতরের এক প্রস্তাবে সাড়া দিয়ে শিক্ষা মন্ত্রণালয় এ সিদ্ধান্ত নিয়েছে । টিকিউআই প্রকল্পের অধীনে প্রথমে ৩২ জেলা শিক্ষা অফিসে দেয়া হবে নতুন গাড়ি । একই দিনে জেলা অফিসে ব্যবহৃত ৩২ পুরনো জিপ হস্তান্তর করা হবে ৩২ টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজ কর্তৃপক্ষের কাছে । তিনি আরও জানান, সারাদেশে সরকারী ৪৯ পলিটেকনিক, ৬৪ টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজ এবং ৩ ইঞ্জিনিয়ারিং কলেজ আছে । এসব প্রতিষ্ঠানে গাড়িসংক্রান্ত মেরামত, রক্ষণাবেক্ষণ, ড্রাইভিং ও আনুষঙ্গিক কোর্স আছে । প্রতিষ্ঠানের তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস পরিচালনায় আধুনিক অথচ পুরনো গাড়িগুলো অবদান রাখবে বলে আশা করে মন্ত্রণালয় ।

শিক্ষকদের জন্য আলাদা বেতন স্কেল । শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ফের বলেন, শিক্ষকদের জন্য আলাদা বেতন স্কেল হবে । বেতনও অনেক বেশি হবে । বৃহস্পতিবার রাজধানীর টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে শিক্ষার বৈপ্লবিক উন্নয়নে বর্তমান শীর্ষক সেমিনার ও জাতীয় প্রতিনিধি সভায় শিক্ষামন্ত্রী এ কথা বলেন ।